

ভিসা ও ইকামাসহ ৭ সেবায় ফি বাড়াল সৌদি আরব

- A Monitor Desk Report

Date: 07 January, 2025



রিয়াদ : সৌদি আরব ভিসা, ইকামাসহ সাতটি সেবা নবায়নের ফি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন ব্যবসায়িক প্ল্যাটফর্ম 'আবশের বিজনেস' বর্ধিত ফি চালু করেছে।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী, সৌদিতে পুনঃপ্রবেশের ভিসা ও বহির্গমনের মেয়াদ বাড়ানোর ফি নির্ধারণ করা হয়েছে ১০৩ দশমিক ৫ রিয়াল। আর ইকামা (বসবাসের অনুমতি) নবায়ন ও চূড়ান্ত বহির্গমনের ফি নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ৫১ দশমিক ৭৫ এবং ৭০ রিয়াল।

নতুন করে ইকামা ইস্যু করার ফি ধরা হয়েছে ৫১ দশমিক ৭৫ রিয়াল। কর্মচারীদের বিষয়ে সরকারি কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন দাখিল (রিপোর্টিং) ফি ২৮ দশমিক ৭৫ রিয়াল। আর পাসপোর্টের তথ্য হালনাগাদ করতে দিতে হবে ৬৯ রিয়াল।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) এক পোস্টে আবশের জানিয়েছে, মূল্য সংযোজন সেবা, বিশেষ করে আবশের বিজনেস প্ল্যাটফর্ম ব্যবহার করে যেসব সেবা নেওয়া হবে, সেসব ক্ষেত্রে এসব ফি প্রযোজ্য হবে। নিয়োগদাতারা যে বার্ষিক প্যাকেজ দেন, এসব ফি সেটার অন্তর্ভুক্ত নয়।

আবশের বিজনেস সম্প্রতি নানা ধরনের সেবা চালু করেছে। এ রকম একটি সেবা পাওয়া যায় আবশের ইন্ডিভিজুয়ালস প্ল্যাটফর্মের মাধ্যমে। এটার মাধ্যমে ভ্রমণ ভিসায় সৌদিতে আসার পর কেউ যদি পলাতক থাকেন বা হারিয়ে যান, নিয়োগদাতা (হোস্ট) ওই ব্যক্তির বিষয়ে রিপোর্ট করতে পারবেন।

আবশের ইন্ডিভিজুয়ালে এ ধরনের রিপোর্ট করতে কয়েকটি শর্ত পূরণ করতে হবে। যে ব্যক্তির বিষয়ে রিপোর্ট করা হচ্ছে, তাঁকে সৌদিতে ব্যক্তিগত বা পারিবারিক ভিসায় ভ্রমণ করতে হবে। ভিসার মেয়াদ শেষ হওয়ার ৭ দিন পরই কেবল প্রতিবেদন দাখিল করা যাবে। তবে ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়ার ১৪ দিনের বেশি সময় পর আবেদন করা যাবে না।

